গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ০৯ অক্টোবর'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় সেপ্টেম্বর'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান স্বাস্থ্য কমপ্লেক্সের সীমানা প্রাচীরের চারপার্শ্বে মাটি ভরাট, অন্তঃ বিভাগ এর টয়লেটের দরজা মেরামত, স্যানিটেশন ব্যবস্থা মেরামত করা একান্ত প্রয়োজন।<br>কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাটি একটি দুর্গম উপজেলা। চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি পুরাতন এম্বুলেন্স রয়েছে যা সম্পুর্ণভাবে অচল হয়ে পড়ে রয়েছে। অত্র উপজেলায় সন্ধার পরে তেমন কোন ভাল গাড়ি পাওয়া যায়না। এ উপজেলা হতে জামালপুর মেডিকেল কলেজ হাসপাতাল ৯৮ কিঃমিঃ, শেরপুর জেলা হাসপাতাল ৭৫ কিঃমিঃ এবং ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল ১৫০ কিঃমিঃ দুরে অবস্থিত। অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ্যাম্বুলেন্স না থাকায় এ উপজেলার গুরুতর অসুস্থ্য রোগীরা উন্নত চিকিৎসার জন্য অত্র উপজেলা হতে জামালপুর, শেরপুর, ময়মনসিংহ ও দূরবর্তী কোন হাসপাতালে যেতে পারেনা। এমতাবস্থায়, জনস্বার্থে অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি নতুন এ্যাম্বুলেন্স প্রয়োজন হেতু নতুন এ্যাম্বুলেন্স সরবরাহের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি নতুন এ্যাম্বুলেন্স প্রয়োজন হেতু নতুন এ্যাম্বুলেন্স সরবরাহের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চর ভেলামারীতে স্যাটেলাইট ক্লিনিক স্থানান্তর করা হয়েছে। ঔষধ বরাদ্দ কম থাকায় স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম ব্যহত হচ্ছে। অত্র কার্যালয়ের সামনে টিউবওয়েল স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | কমিউনিটি ক্লিনিকে মানসম্মত চিকিৎসা ব্যবস্থা সুনিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রোপা আমন মৌসুমে ২৬৪৫ হেক্টর জমিতে আমন রোপন হয়েছে। যার মধ্যে হাইব্রিড ৬৪৩ হেক্টর এবং উফশী ১১৯৫ হেক্টর ও স্থানীয় ৪৭ হেক্টর। চিনাবাদাম চাষ হয়েছে ৩৫১ হেক্টর। নিয়মিত আলোক ফাদ এর মাধ্যমে ক্ষতিকর ও উপকারী পোকার আগাম উপস্থিতি জানা হচ্ছে এবং সে অনুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের মাঝে সচেতনতা সৃষ্টিতে কাজ করছেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনাবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ইলিশের প্রধান প্রজনন মৌসুমে সরকার ঘোষিত ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাত করণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পুর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ।<br>ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে মানবিক খাদ্য সহায়তা কর্মসুচির আওতায় অত্র উপজেলায় ৭০০ জেলে পরিবারকে মোট ১৭.৫০ মে.টন ভিজিএফ এর চাল বিতরণ করা হয়। | সরকার ঘোষিত ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাত করণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পুর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ মর্মে প্রচারণা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, গবাদি পশুর চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গবাদি প্রাণিক চিকিৎসা সেবা প্রদান-গরু, মহিষ, ভেড়া, ছাগল-১০৬৫টি, হাঁস, মুরগী, কোয়েল, কবুতর-৫,০১৫ টি, কুকুর, বিড়াল, ঘোড়া-৫ টি। ছাগলের PPR Vaccine ১৪০০০ মাত্রা সম্পন্ন হয়েছে। গরু ও মহিষে LSD Vaccine ও Anthrax Vaccine প্রদান চলমান। কৃত্রিম প্রজনন সম্পন্ন হয়েছে ১৫০ টি। উপজেলার ৪টি জায়গার কসাইখানা নিয়মিত পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান। স্কুল মিল্ক ফিডিং প্রোগ্রাম চলমান। ২টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা-৫২১ জন। | গবাদি পশুর খামার নিয়মিত পরিদর্শন ও মানসম্মত চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজের বাস্তবায়ন প্রক্রিয়াধীন। ০৩টি ব্রীজের কাজ ও ০২টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান। ০৩(তিন) কিঃমিঃ এইচবিবি রাস্তা নির্মাণের প্রস্তাব পাঠানো হয়েছে। ১৩/১০/২০২৫ তারিখ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হবে। সকলের সহযোগিতা কামনা করেন। ০১টি বন্যা আশ্রয় কেন্দ্রের প্রস্তাব পাঠানো হয়েছে। | ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বিভিন্ন ভাতাভোগীর ২০২৫-২৬ অর্থবছরের ১ম কিস্তি জুলাই/২৫ হতে সেপ্টেম্ব/২৫ মাসের পেরেল প্রদান করা হয়েছে। উপজেলা সমাজসেবা কার্যালয়ের প্রাক্কলন পাওয়া গেছে এবং তা জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রামে প্রেরণ করা হয়েছে। ১২ জন ভিক্ষুকের মধ্যে ১১ জনকে ভ্যান, ছাগল ক্রয় করে দেয়া হয়েছে। আগামী সপ্তাহে ০১ জনকে ছাগল ক্রয় করে দেয়া হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বিনামুল্যে পাঠ্য পুস্তক বিতরণের জন্য ১ম-৩য় শ্রেণীর সকল বই পাওয়া গেছে। চড়াইহাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমি নদী গর্ভে বিলীন হয়েছে। ছাপড়ায় পাঠদান চলছে। মধ্যচর সাজাই সরকারী প্রাথমিক বিদ্যালয়টি সোনাভরী নদী কর্তৃক ভাঙ্গনের সম্মুখীন হয়েছে। ভাঙ্গন স্থানে জরুরী ভিত্তিতে জিও ব্যাগ দেয়া প্রয়োজন। উত্তর কোদালকাটি মন্ডল পাড়া সরঃ প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন প্রয়োজন। ভবন পরিত্যাক্ত হওয়ায় বাহিরে পাঠদান চলমান। | শিক্ষকদের নিয়মিত ক্লাসে উপস্থিতি ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিডব্লিউবি চাল এলএসডি থেকে উত্তোলনপূর্বক দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। মা ও শিশু সহায়তা কর্মসুচির তালিকা ইউনিয়ন থেকে সময়মত পাওয়া যাচ্ছে না। প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। মহিলা বিষয়ক অফিসের ফ্লোর, দেয়াল, দরজা ও জানালা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের চাল সুষ্ঠুভাবে উপকারভোগীদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা যুব উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির আওতায় ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ প্রকল্প তালিকা আগামী সপ্তাহের মধ্যে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে হাট-বাজার উন্নয়ন/রক্ষণাবেক্ষণ খাত হতে রাজিবপুর হাট-বাজারে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন।<br>প্রকল্প ঃ<br>০১। রাজিবপুর হাট-বাজারে ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করণ(অংশ-১)-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। | ১। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির আওতায় প্রকল্প তালিকা আগামী ২০/১১/২০২৫ তারিখের মধ্যে ইউপি চেয়ারম্যান (সকল) কর্তৃক দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বর্ণিত প্রকল্পগুলি প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০২। রাজিবপুর হাট-বাজারে ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করণ(অংশ-২)-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) হতে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন হেতু উপজেলা যুব উন্নয়ন অফিসার কর্তৃক পত্র দাখিল করেছেন। ০১। চর রাজিবপুর উপজেলার যুব নারীদের দক্ষতা বৃদ্ধি ও আত্মকর্মী সৃষ্টির লক্ষ্যে ১৫ দিন মেয়াদী সেলাই প্রশিক্ষণ-১ = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। ০২। চর রাজিবপুর উপজেলার যুব নারীদের দক্ষতা বৃদ্ধি ও আত্মকর্মী সৃষ্টির লক্ষ্যে ১৫ দিন মেয়াদী সেলাই প্রশিক্ষণ-২ = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটির মাধ্যমে প্রকল্পগুলি বাস্তবায়ন করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ৩০/০৭/২০২৫ তারিখের ২২৬ নং স্মারক পত্র মোতাবেক বিদ্যুৎ বিভাগ কর্তৃক জাতীয় রুফটপ সোলার কর্মসুচি বাস্তবায়নের লক্ষ্যে সকল সরকারি ভবনের ছাদে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অত্র চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিদ্যুৎ না থাকলে চিকিৎসা সেবাসহ রোগীদের দুর্ভোগ পোহাতে হয়। জনদুর্ভোগ রক্ষার্থে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সার্বক্ষণিক বিদ্যুতায়নের জন্য জনস্বার্থে জাতীয় রুফটপ সোলার কর্মসুচির আওতায় সোলার প্যানেল স্থাপন করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের ছাদের আয়তন বিবেচনায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা, প্রয়োজনীয় যন্ত্রপাতির বিবরণ ও প্রাক্কলিত ব্যয় নেট মিটারিংসহ নির্ধারণপূর্বক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের ছাদের আয়তন বিবেচনায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা, প্রয়োজনীয় যন্ত্রপাতির বিবরণ ও প্রাক্কলিত ব্যয় নেট মিটারিংসহ নির্ধারণ পূর্বক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা বরাবর পত্র প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গত অর্থ বছরের কমিউনিটি বেসড ওয়াটার সাপ্লাই প্রকল্পের কাজ শেষ পর্যায়ে। এছাড়া চর রাজিবপুর উপজেলায় মানব সম্পদ প্রকল্পের আওতায় ৬৮৭ টি ২ পিড ল্যাট্রিন এর মধ্যে ৪২৮টি ল্যাট্রিন এর কাজ হস্তান্তর হয়েছে। অবশিষ্ট ল্যাট্রিনের কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলায় চলমান বিভিন্ন প্রকল্পের বিপরীতে গত মাসে মোট ঋণ সহায়তা বাবদ ৬,৬০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। সমবায়ীদের নিকট থেকে ৬,২২,০০০/- টাকা আদায় করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ডিগ্রি ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা চলমান। উপজেলা পর্যায়ের ৫২তম গ্রীষ্মকালীন খেলাধুলা সমাপান্তে জেলা পর্যায়ের খেলা চলমান। দুর্গাপুজার ছুটি শেষে স্কুল ও মাদ্রাসার পাঠদান চলমান রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান নিয়মিতকরণ ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ০১। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৫। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২২ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্তরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৭। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৮। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের বর্জ্য ব্যবস্থাপনা ব্যয় বিল =৮,৪০০/- (আট হাজার চারশত) টাকা।<br>০৯। অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনা ও ডকুমেন্ট প্রস্তুত বাবদ ব্যয় বিল = ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>১০। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা। | ২০২৫-২৬ অর্থ বছরে অক্টোবর'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১১। উপজেলা পরিষদের গাড়ি রাখার গ্যারেজ মেরামত ও সংস্কারকরণ কাজের বিল-২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>১২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে গার্ডরুম মেরামত ও সংস্কারকরণ কাজের বিল-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে ইউনিয়ন পরিষদের সকল সদস্যদের সমন্বয়ে টিআর-কাবিখা বরাদ্দের প্রকল্প তালিকা দাখিল করা হয়েছে। ভিডব্লিউডি উপকারভোগীর কার্ড বিতরণ শেষ হলে চাল বিতরণ করা হবে। রাজিবপুর ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডে বিভিন্ন কাঁচা পাকা ক্ষতিগ্রস্থ ও ভাঙ্গা রাস্তা মেরামত করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের কয়েকটি রাস্তায় রোপনকৃত গাছের চুক্তির মেয়াদ শেষ হয়েছে বিধায় গাছগুলো নিলামের মাধ্যমে কর্তন করা প্রয়োজন। এছাড়া বিভিন্ন রাস্তায় ঝুঁকিপুর্ণ ও মরা গাছ নিলামের মাধ্যমে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়নের ৩নং ওয়ার্ডে নদী ভাঙ্গন রোধে জিও ব্যাগ ফেলানো কাজ চলমান। কোদালকাটি হতে উপজেলা সদরে আসার যাতায়াতের খাজার ঘাটের ব্রীজটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। ১-৯ নং ওয়ার্ডের রাস্তা মেরামত করা প্রয়োজন। জলাবদ্ধতা নিরসনে ব্রীজ, কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রতিমাসে অনলাইনে ই-মনিটরিং এর মাধ্যমে পাঁচটি বিদ্যালয় পরীবিক্ষণ করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৭) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (৮) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে ১৪ দিন মেয়াদী আনসার মৌলিক প্রশিক্ষণ জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে চলমান রয়েছে। এ প্রশিক্ষণে অত্র উপজেলা থেকে ১০ জন (৩য় ধাপে) অংশ গ্রহণ করেছে। AVMIS সিস্টেমে আনসার ও ভিডিপি সদস্যদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বাংলাদেশ ব্যুরো (বিবিএস) পরিসংখ্যান আইন ২০১৩ অনুসারে ২০২৪-২৪ অর্থ বছরে জিডিপি চুড়ান্তকরণ এবং ২০২৫-২৫ অর্থ বছরের সাময়িক জিডিপি প্রাক্কলনের লক্ষ্যে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদসমূহের ২০২৪-২৪ অর্থ বছরের বাজেট এবং ২০২৫-২৫ অর্থ বছরের বাজেট সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন ফসলের আয়তন নিরূপণের জন্য উপজেলায় অবস্থিত ০৮টি গুচ্ছের তথ্য সংগ্রহ শেষে প্রতিবেদন প্রদান করা হয়েছে। আমন ফসলের পূর্বাভাস জরিপ (অংশ-২) চলমান। পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক-এর কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১২) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় রাজিবপুর উপজেলার বিদ্যুৎ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

চলমান পাতা-৮

**১৮(১৫)** উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা পরিষদের ০১ ও ০২ নং সুপার মার্কেটের ভাড়া বকেয়া রয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে উক্ত বকেয়া ভাড়া আদায় করা প্রয়োজন। সুপার মার্কেটের বকেয়া ভাড়া আদায় এবং ভাড়া পরিশোধে ব্যর্থ লীজ গ্রহণকারীর বিরুদ্ধে কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে প্রতিবেদন প্রয়োজন মর্মে সুপার মার্কেট ভাড়া আদায় সংক্রান্ত কমিটি গঠন করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত কর্মকর্তার সমন্বয়ে উপজেলা পরিষদের সুপার মার্কেটের ভাড়া আদায় কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ভাড়া আদায় কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ০১। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর, কুড়িগ্রাম--- | আহবায়ক |
| ০২। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম- | সদস্য |
| ০৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম- | সদস্য |
| ০৪। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম- | সদস্য |
| ০৫। | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চর রাজিবপুর, কুড়িগ্রাম- | সদস্য সচিব |

**১৮(১৬)** উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা পরিষদের ৮০ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং-৫৭০৮৭৭৭ এর মাধ্যমে উপজেলা ক্যাম্পাসের ভিতরে অবস্থিত স্ট্রীট লাইট, বিভিন্ন অফিস ও আবাসিক কোয়ার্টারে সাব-মিটারিং পদ্ধতি অনুসারে বিদ্যুৎ সংযোগ চালু রয়েছে। যেহেতু উপজেলা পরিষদের ৮০ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং-১৫৭০৮৭৭৭ এর সাথে বিভিন্ন অফিস ও আবাসিক কোয়ার্টারে সাব-মিটারিং পদ্ধতি অনুসারে বিদ্যুৎ সংযোগ চালু রয়েছে সেহেতু উপজেলা পরিষদের নতুন হলরুম ও নতুন কমপ্লেক্স ভবনে মিটার নং-১৫৭০৮৭৭৭ এর সাথে সাব-মিটারিং পদ্ধতি অনুসারে বিদ্যুৎ সংযোগ প্রদান করে উপজেলা পরিষদের ৩০ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং-২৪০৩১৬০১৫২৪৩ এবং ৩২ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং- ২৪০৩১৬০১৫২৪১ অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি, জামালপুর-কে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের ৮০ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং-১৫৭০৮৭৭৭ এর সাথে উপজেলা পরিষদের নতুন হলরুম ও নতুন কমপ্লেক্স ভবনে সাব-মিটারিং পদ্ধতি অনুসারে বিদ্যুৎ সংযোগ প্রদান করে উপজেলা পরিষদের ৩০ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং-২৪০৩১৬০১৫২৪৩ এবং ৩২ কিলোওয়াট ৩ ফেজ মিটার নং- ২৪০৩১৬০১৫২৪১ অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**১৮(১৭)** উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত বাংলাদেশ গেজেট ০৬ মে ২০১৫ ও ১৩ জুলাই ২০১৭ (সংশোধিত) বিধি-বিধান অনুযায়ী অত্রাফিসের গত ১৯/০৬/২০২৫ তারিখের ০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৩৫.২৫-৪৮০ নং স্মারক পত্রের আলোকে চর রাজিবপুর উপজেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগের পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক প্রার্থীগণের শারীরিক, লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১১/০৯/২০২৫ তারিখ অনুষ্ঠিত গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগ/বাছাই কমিটির সভার চুড়ান্ত সিদ্ধান্ত ও সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণের নামের পার্শ্বে উল্লেখিত ইউনিয়নে বর্ণিত ওয়ার্ডে গ্রামপুলিশ (মহল্লাদার) পদে কতিপয় শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগকৃত মহল্লাদার বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন।

| ক্রঃ নং | নিয়োগকৃত মহল্লাদারের নাম ও ঠিকানা | ইউনিয়নের নাম | পদবী | ওয়ার্ড নং |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ শালমান শাহ, পিতা-মোঃ চাঁন মিয়া, মাতা-মোছাঃ ফজিলা খাতুন, গ্রাম-বদরপুর, ডাকঘর-রাজিবপুর, উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম | ১নং রাজিবপুর | মহল্লাদার | ০৮ |
| ০২ | শ্রী তিলক নাথ, পিতা-শ্রী কোকিলা রবিদাস, মাতা-শ্রীমতি ফুল কুমারী, গ্রাম-মধ্য সাজাই, ডাকঘর-কোদালকাটি, উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম | ২নং কোদালকাটি | মহল্লাদার | ০১ |
| ০৩ | নুর মোহাম্মদ, পিতা-মোঃ আব্দুস সোবাহান, মাতা-মোছাঃ নুরভানু বেগম, গ্রাম-ভেলামারী, ডাকঘর-মোহনগঞ্জ, উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম | ৩নং মোহনগঞ্জ | মহল্লাদার | ০১ |

চলমান পাতা-৯

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৯০৮

তারিখ ঃ ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ০৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ........................................................................................... কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ [illegible]